কুড়ুলগাছিতে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছিতে ইউনিয়ন পর্যায়ে আন্ত:প্রাথমিক বিদ্যালয়ের দুইদিন ব্যাপি ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার বিকেল ৩টার দিকে বুইচিতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মোঃ এনামুল করিম ইনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী শিক্ষা অফিসার সেলিম রেজা, প্রতিযোগীতা বাস্তবায়ন কমিটির সদস্য সচিব শাহানাজ বেগম। এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি সকল ইউপি সদস্যবৃন্দ ও ইউনিয়নের সকল বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

মেপ্র/ইএম

চুয়াডাঙ্গার কুড়ুলগাছিতে যৌতুকের দাবিতে স্ত্রীকে নির্যাতন

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামে যৌতুকের দাবীতে স্ত্রীকে অমানবিক নির্যাতন করেছে তার স্বামী মিল্টন। এছাড়াও বিভিন্ন সময় যৌতুক দাবি করে। এমন অভিযোগ করেছে নির্যাতিতা বিলকিছ।

গতকাল শনিবার বিকাল ৩ টার দিকে দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামের এ ঘটনা ঘটে। বিলকিছ নওগাঁ জেলার

মান্দার উপজেলার কুসুমবা গ্রামে আব্দুস সামাদের মেয়ে।

নির্যাতিত গৃহবধূ বিলকিছ খাতুন জানান, কুড়ুলগাছি ইউনিয়নের হরিশচন্দ্রপুর গ্রামের আবু ছিদ্দিকের ছেলে মিল্টনের সাথে প্রায় দেড় বছর আগে বিয়ে তার বিয়ে হয়। বর্তমানে তিনি তিন মাসের অন্ত:সত্তা। যৌতুকের দাবীতে স্বামী মিল্টন তার উপর প্রায় অমানুবিক ও শারীরিক ভাবে নির্যাতন করে আসছে।

গৃহবধূর বাবা যৌতুকের টাকা বিয়ের পর নগদ দেড় লাখ টাকা দিলেও নতুন করে আবার চাপ দিতে থাকে টাকা দিতে রাজি না হওয়ায় নির্যাতনের মাত্রা আরো বাড়িয়ে দেয়। বর্তমানে তাকে বাড়ী ছাড়া করতে কৌশলে স্বামী মিল্টন নানা ভাবে নির্যাতন করে। মিল্টনের স্ত্রী বিলকিছ নির্যাতন সহ্য করতে না পেরে আত্মহত্যার চেষ্টা করে ।

এদিকে অভিযুক্ত মিল্টনের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি আত্মগোপনে থাকায় কথা বলা সম্ভব হয়নি।

এ ব্যাপারে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে একটি লিখিত অভিযোগ করেছেন নির্যাতিতা বিলকিছ। তিনি চুয়াডাঙ্গা আদালতে মামলার প্রস্তুতি নিচ্ছেন।

কবি নজরুলের আট চালা ঘরে আসছেন সংস্কৃতিক বিষয়ক প্রতিমন্ত্রী

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা কাজী নজরুল ইসলাম এর স্মৃতি বিজড়িত আট চালা ঘর পরিদর্শনে আসছেন সংস্কৃতিক বিষয়ক প্রতিমন্ত্রী কে. এম. খালিদ এমপি।

আগামী ৭ই জানুয়ারী মঙ্গলবার সকাল ১১ টার দিকে তিনি আট চালা ঘর পরিদর্শন করবেন।

এ উপলক্ষে “কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদ ও নজরুল স্মৃতি সাহিত্য সংসদ অনলাইন” মন্ত্রীকে অভ্যর্থনা জানাতে সাহিত্য সম্মেলন ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে।

আলোচনা পর্ব অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্যে রাখবেন প্রতিমন্ত্রী কে.এম খালিদ এমপি।

আরো পড়ুন:ঝিনাইদহে শিক্ষকের বাড়িতে সরকারি বই

এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কৃষি মন্ত্রণালয়ের সাবেক মহাপরিচালক মোঃ হামিদুর রহমান, জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার মোঃ এস এম মুনিম লিংকন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহকারী অধ্যাপক মুন্সী আবু সাইফ।

অনুষ্ঠানে বরণ্যে রাজনৈতিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ছাড়াও এপার-ওপার দুই বাংলার কবি সাহিত্যিক শিল্পী ও সাংস্কৃতিক ব্যক্তিবৃন্দ অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন। এছাড়াও কয়েকটি গ্রন্থের মোড়ক উন্মোচন করা হবে।

কার্পাসডাঙ্গা/ কুড়ুলগাছি প্রতিনিধি

দামুড়হুদার মোক্তারপুর ইট ভাটায় ১ লক্ষ টাকা অর্থদন্ড

চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা উপজেলার মোক্তারপুরে অবস্থিত রেড ব্রিকস নামের একটি ইট ভাটায় অভিযান চালিয়ে এক লক্ষ টাকা আদায় করে ভ্রাম্যমাণ আদালত।
গতকাল বুধবার বিকাল ৫ টার দিকে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট সাব্বির আহমেদ এবং আমজাদ হোসেনের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করা হয়।
রেড ব্রিকস-২’কে লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা এবং জ্বালানী হিসেবে কাঠ ব্যবহারের অপরাধে এক লক্ষ টাকা অর্থদ- প্রদান করে। -কার্পাসডাঙ্গা প্রতিনিধি